

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলা জজের কার্যালয়
শেরপুর।

নিয়োগ বিজ্ঞপ্তি

শেরপুর জেলা জজশীপের নিম্নবর্ণিত শূণ্যপদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত প্রত্যেকটি পদের বিপরীতে যোগ্যতা সম্পন্ন আত্মহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (১১,০০০-২৪,৬৮০/-)	০১	কোন স্বীকৃত বোর্ড/বিশ্ববিদ্যালয় হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। শর্টহ্যান্ড গতি মিনিটে কমপক্ষে বাংলা ৮০ শব্দ ও ইংরেজি ১০০ শব্দসহ কম্পিউটার টাইপিং গতি মিনিটে কমপক্ষে বাংলা ২৫ শব্দ ও ইংরেজি ৩০ শব্দ থাকিতে হইবে।
২	নিম্নমান সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (৯,৩০০-২২,৪৯০/-)	০৪	কোন স্বীকৃত বোর্ড/বিশ্ববিদ্যালয় হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার টাইপিং গতি মিনিটে কমপক্ষে বাংলা ২০ শব্দ ও ইংরেজি ২০ শব্দ থাকিতে হইবে।
৩	ড্রাইভার (৯,৩০০-২২,৪৯০/-)	০১	৮ম শ্রেণী পাশ। মোটরগাড়ী চালানোর বৈধ লাইসেন্সধারী হইতে হইবে। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
৪	জারীকারক (৮,৫০০-২০,৫৭০/-)	০১	কোন স্বীকৃত বোর্ড/বিশ্ববিদ্যালয় হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

শর্তাবলী

- প্রার্থীদেরকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত মডেল আবেদন ফরমে আবেদন করিতে হইবে। মডেল আবেদন ফরম পাওয়ার
ওয়েবসাইট ঠিকানা: www.mopa.gov.bd। আবেদনপত্র আগামী ০৫/৭/২০১৮ ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে “জেলা জজ,
শেরপুর” বরাবর ডাকযোগে অথবা সরাসরি পৌঁছাইতে হইবে। উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না।
- ০৫/৭/২০১৮ ইং তারিখে প্রার্থীর বয়স ১৮ হইতে ৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্যদের
ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা নিয়োগবিধি
মোতাবেক শিথিলযোগ্য।
- প্রার্থী যে ঠিকানায় চিঠিপত্র পাইতে আত্মহী সেই ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাকাটিকিটযুক্ত (৯.৫x৪.৫ ইঞ্চি) একটি ফেরত খাম
আবেদনপত্রের সাথে প্রেরণ করিতে হইবে।
- খামের উপরে প্রার্থীর পদের নাম, জেলার নাম ও কোটার নাম উল্লেখ করিতে হইবে।
- আবেদনপত্রের সাথে ১-৩ নং ক্রমিকের প্রার্থীদেরকে ১০০/- (একশত) টাকার ও ৪ নং ক্রমিকের প্রার্থীদেরকে ৫০/- (পঞ্চাশ) টাকার চালান
১-২১৪১-০০০১-২০৩১ নং কোডে দাখিল করিতে হইবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধিবিধান অনুযায়ী সকল প্রকার কোটা অনুসরণ করা হইবে।
- আবেদনকারীদেরকে বাছাই কমিটি কর্তৃক নির্ধারিত লিখিত/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। লিখিত পরীক্ষার প্রবেশপত্র
ডাকযোগে প্রেরণ করা হইবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় ডাকা হইবে। লিখিত পরীক্ষার তারিখ, ফলাফল,
মৌখিক পরীক্ষার তারিখসহ সকল তথ্য নোটিশবোর্ড ও জেলা জজ আদালতের ওয়েব সাইট: sherpur.judiciary.org.bd -এ প্রকাশ করা
হইবে।
- মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদেরকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতার সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করিতে হইবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ দেওয়া হইবে না।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই বিজ্ঞপ্তি সংশোধন ও আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ বিষয়ে
কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

মোহাম্মদ মোসলেহ উদ্দিন
অতিরিক্ত জেলা জজ

ও
চেয়ারম্যান, নিয়োগ ও বাছাই কমিটি,
জেলা জজ আদালত, শেরপুর।

